অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর কুওমো, গভর্নর মারফি, গভর্নর ল্যামন্ট, গভর্নর উলফ, গভর্নর কার্নেই, গভর্নর রেইমন্ডো এবং গভর্নর বেকার ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম PPE ও মেডিকেল সংক্রান্ত উপকরণ সরবরাহের আঞ্চলিক শৃঙ্খলা বজায় রাখতে মাল্টি-স্টেট চুক্তিতে সম্মত হওয়ার ঘোষণা করেছেন

স্টেটগুলি একটি আঞ্চলিক ভিত্তিতে PPE, চিকিৎসা সরঞ্জাম ও পরীক্ষার চাহিদা সমষ্টিগত ভিত্তিতে সমন্বয় করবে

সরবরাহের আঞ্চলিক শৃঙ্খলাগুলি স্টেটগুলির জন্য PPE ও চিকিৎসা সরঞ্জামের উপযুক্ত মূল্য নির্ধারণ, বিতরণ ও নির্ভরযোগ্যভাবে বাস্তবায়ন করতে সহায়তা করবে

চলমান COVID-19 মহামারির মধ্যে নিউ ইয়র্কের গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, নিউ জার্সির গভর্নর ফিল মারফি, কানেক্টিকাটের গভর্নর নেড ল্যামন্ট, পেনসিলভেনিয়ার গভর্নর টম উলফ, ডেলাওয়্যারের গভর্নর জন কার্নেই, রোডি আইল্যান্ডের গভর্নর জিনা রেইমন্ডো ও ম্যাসাচুসেটসের গভর্নর চার্লি বেকার আজ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম, অন্যান্য মেডিকেল সংক্রান্ত উপকরণ এবং পরীক্ষার আঞ্চলিক শৃঙ্খলা বজায় রাখতে মাল্টি-স্টেট চুক্তিতে সম্মত হওয়ার ঘোষণা করেছেন।

এই বৈশ্বিক ও জাতীয় জনস্বাস্থ্যকালীন সংকটের সময় স্টেটগুলি যখন ফেডারেল সরকারের সাথে অংশীদার হবে তখন তারাও এই উপকরণগুলোর জন্য পুরো অঞ্চলের চাহিদা, স্টেটগুলির মধ্যে সমষ্টিগত চাহিদা নির্ধারণ করতে, খরচ কমাতে এবং সরবরাহের শৃঙ্খলা স্থিতিশীল রাখতে একসাথে কাজ করবে। এছাড়াও স্টেটগুলি (Personal Protective Equipment, PPE) মজুদের বিষয়ে নীতি সমন্বয় করবে এবং COVID-19-এর জন্য প্রতিটি স্টেটের স্বাস্থ্য সেবাদানকারী অবকাঠামোকে সম্ভাব্য দ্বিতীয় বিকল্প প্রস্তুত রাখতে হবে। স্টেটগুলি তাদের জরুরি পরিস্থিতি মোকাবেলা করতে জরুরি সেবাদানকারীদের জন্য স্থানীয় সরকারের হাতে কী কী সরঞ্জাম থাকা উচিত তার পাশাপাশি অলাভজনক ও বেসরকারি খাতের জন্য PPE সংক্রান্ত কোনো প্রয়োজনীয়তা থাকলে তা নিয়েও নীতিমালা সমন্বয় করবে।

এরপর স্টেটগুলি দেশ, অঞ্চল বা স্টেটের মধ্যকার সরবরাহকারীদের শনাক্ত করার চেষ্টা করবে যারা আগামী তিন মাসের ভিতরে পুরো অঞ্চলের চাহিদা মেটাতে সক্ষম হতে পারে। এই পদ্ধতির লক্ষ্য হলো স্যানিটাইজার, ভেন্টিলেটর ও পরীক্ষার করাসহ PPE এবং মেডিকেল সংক্রান্ত

উপকরণগুলির সরবরাহের শৃঙ্খলা বিঘ্নের সম্ভাবনা হ্রাস করা এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের প্রসার ঘটানো।

এছাড়াও, বিদ্যমান উপকরণ এবং উদ্ভাবনের জন্য উৎপাদনের বিকল্প পদ্ধতির সাথে যুক্ত সম্ভাবনার সুযোগ গ্রহণের জন্য কীভাবে চলমান ভিত্তিতে উদীয়মান প্রযুক্তিগুলিকে সম্মিলিতভাবে অন্বেষণ করা যায় তা নিয়ে স্টেটগুলি আলোচনা করছে যা আরও কার্যকর এবং কম ব্যয়বহুল বিকল্পের দিকে পরিচালিত করবে। উদাহরণস্বরূপ, 3D প্রিন্টারগুলি নির্দিষ্ট ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এবং মেডিকেল সংক্রান্ত উপকরণ প্রস্তুতকরণে একটি আকর্ষণীয় বিকল্প হতে পারে।

"COVID-19 মহামারি পুরো দেশজুড়ে মেডিকেল সংক্রান্ত উপকরণের জন্য একটি উন্মাদ পরিস্থিতি তৈরি হয়েছিল - স্টেট, বেসরকারি সংস্থা এবং ফেডারেল সরকারের মধ্যে প্রতিযোগিতা ছিল এবং আমরা এই গুরুত্বপূর্ণ উপকরণগুলি দাম বাড়িয়ে ছিলাম," **গভর্নর কুওমো বলেন।** "একটি স্টেট ও একটি জাতি হিসেবে আমরা পুনরায় আর এর মধ্য দিয়ে যেতে পারি না। আমাদের বাজারে মজুদ বাড়ানোর জন্য সরঞ্জামাদি ক্রয় করে আমরা আমাদের উত্তর-পূর্বের সাতটি অংশীদারী স্টেটের সাথে একটি আঞ্চলিক স্টেটীয় ক্রয় সংস্থা গঠন করতে যাচ্ছি এবং এটি বাস্তবে আমাদের আরও ভালো দামে সরঞ্জামগুলি পেতে সহায়তা করবে। এসব গুরুত্বপূর্ণ প্রচেষ্টার জন্য আমাদের পার্শ্ববর্তী স্টেটগুলির চলমান সমর্থন, উদারতা ও আঞ্চলিক সমন্বয়ের জন্য আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

গভর্নর মারফি বলেন, "সক্রিয়ভাবে জীবন রক্ষাকারী উপকরণগুলির জন্য পরস্পরের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করছি এমন অবস্থানে আমাদের স্টেটগুলির কখনোই থাকা উচিত নয়। অঞ্চল জুড়ে একসাথে কাজ করার মাধ্যমে, আমরা আমাদের অর্থনীতিকে পুনরায় চালু করার প্রক্রিয়া শুরু করার পাশাপাশি আমাদের করদাতাদের জন্য অর্থ সাশ্রয় করার সময় আমরা গুরুত্বপূর্ণ সরঞ্জামগুলি পেতে পারি। এই ধারণাটি আমাদের প্রতিষ্ঠিত আঞ্চলিক পদ্ধতির কেন্দ্রবিন্দুতে রয়েছে।"

গভর্নর ল্যামন্ট বলেন, "মহামারির কারণে বিশ্বব্যাপী সরবরাহ শৃঙ্খলাগুলির বড় ধরনের বিঘ্নতা অব্যাহত থাকায়, আমাদের স্টেটগুলির মধ্যে একটি আঞ্চলিক ক্রয় উদ্যোগের প্রচেষ্টার সমন্বয়করণ আমাদের স্টেটকে একে অপরের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা না করে প্রয়োজনীয় PPE এবং অন্যান্য মেডিকেল সংক্রান্ত উপকরণ পেতে সাহায্য করবে। আমি দীর্ঘদিন ধরে ফেডারেল সরকারকে যুক্ত হওয়ার জন্য পরামর্শ দিচ্ছি কারণ এই সরঞ্জামগুলোর জন্য প্রতিযোগিতা করার ক্ষেত্রে 50টি স্টেটকে একে অপরের বিরুদ্ধে দাঁড় করানো কখনোই কোনো ধারণা তৈরি করেনি। আমাদের প্রতিবেশীদের সাথে অংশিদার হওয়ার ফলে সেটি আমাদের ক্রয় ক্ষমতা আরো শক্তিশালী এবং নির্ভরযোগ্য করতে সাহায্য করে।"

গভর্নর উলফ বলেন, "একসাথে কাজ করার মাধ্যমে আমরা আমাদের সবার যে ক্ষমতা প্রয়োজন তা গড়ে তুলতে আমাদের শক্তিগুলি সমন্বয় করতে পারি। আমাদের যা প্রয়োজন তা মজুদে প্রস্তুতকারীদের উৎসাহিত করার জন্য আমরা আমাদের বাজারের আকারটি কাজে লাগাতে পারি, বাড়তি চাহিদায় সেই উৎসাহ দেওয়ার জন্য আমরা আমাদের আর্থিক শক্তি কাজে লাগাতে পারি এবং আমাদের সফলতার সম্ভাবনা বৃদ্ধি করতে আমরা আমাদের অঞ্চলের বৃহৎ গবেষণা প্রতিষ্ঠান ও মেধা

শক্তিকে কাজে লাগাতে পারি। আমি আমার সহকর্মী গভর্নর এবং আমার প্রতিবেশীদের সাথে সরবরাহের একটি শক্তিশালী আঞ্চলিক শৃঙ্খলা তৈরি করার জন্য অপেক্ষায় থাকলাম।"

গভর্নর কার্নেই বলেন, "আমাদের এই সঙ্কট থেকে আমাদের স্টেটকে মুক্ত করার জন্য একটি সমন্বয়-ভিত্তি পন্থা অবলম্বন করা দরকার এবং এর মধ্যে রয়েছে PPEএর পর্যাপ্ত যোগান নিশ্চিত করা ও পরীক্ষা করা। এই অঞ্চলে আমার সহকর্মী গভর্নরদের সঙ্গে এই সমন্বয় করতে পারার জন্য আমি কৃতজ্ঞ। আমাদের পার্শ্ববর্তী স্টেটগুলির সাথে একসাথে কাজ করতে পারলে এই সংকটের মোকাবেলা অব্যাহত রাখতে আমরা আরো ভালো অবস্থানে থাকবো।"

গভর্নর রেইমন্ডো বলেন, "আমাদের স্বাস্থ্য সেবাদানকারী কর্মীদের নিরাপদ রাখার জন্য আমাদের যদি যথেষ্ট PPE থাকে তাহলে তাদের কখনোই চিন্তা করতে হবে না। গত দুই মাস ধরে আমরা পৃথিবীজুড়ে সরঞ্জামগুলো খুঁজে বেরিয়েছি এবং ফ্রন্টলাইনের চাহিদা পূরণে কঠোর পরিশ্রম করেছি। আমরা জানি, অর্থনীতিকে নির্বিঘ্নে খুলে দিতে আমাদের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোর সকল কর্মীদের জন্য PPE-এর দীর্ঘমেয়াদি যোগান দরকার। অবিচ্ছিন্ন, নির্ভরযোগ্য ও সাশ্রয়ী মূল্যের PPE সরবরাহ ও বজায় রাখতে আমি অঞ্চলজুড়ে স্টেটগুলির সাথে সহযোগিতা অব্যাহত রাখার প্রত্যাশায় রয়েছি।"

গভর্নর বেকার বলেন, "আমাদের স্বাস্থ্য সেবাদানকারী কর্মী এবং জননিরাপত্তা প্রদানকারী কর্মীদের জন্য PPE সংগ্রহের ক্ষেত্রে আরো অপশন শনাক্ত করতে ম্যাসাচুসেটস অন্য স্টেটের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন